

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩১৯৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৫৫]

১৬। হজ্জ (حما باكذ)

পরিচ্ছেদঃ ৮২. মক্কার হারামে হওয়া, হারামের অভ্যন্তরে ও উপকণ্ঠে শিকার কার্য চিরস্থায়ীভাবে নিষিদ্ধ, এখানকার গাছপালা উপড়ানো ও ঘাস কাটা নিষেধ

باب تَحْرِيمٍ مَكَّةَ وَصَيْدِهَا وَخَلاَهَا وَشَجَرِهَا وَلُقَطَتِهَا إِلاَّ لِمُنْشِدٍ عَلَى الدَّوام

আরবী

حَدَّثَنِي زُهَيْرُ بْنُ حَرْبٍ، وَعُبَيْدُ اللَّهِ بْنُ سَعِيد، جَمِيعًا عَنِ الْوَلِيدِ، _ قَالَ زُهَيْرٌ حَدَّثَنِي الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، _ حَدَّثَنِي الْهُوْزَاعِيُّ، حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ، حَدَّثَنِي أَبُو سَلَمَةً، _ هُوَ ابْنُ عَبْدِ الرَّحْمَنِ _ حَدَّثَنِي أَبُو هُرَيْرَةً، قَالَ لَمَّا فَتَحَ اللَّهُ عَزَّ وَجَلَّ عَلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مَكَّة قَامَ فِي النَّاسِ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ " إِنَّ اللَّهَ حَبَسَ عَنْ مَكَّةَ الْفِيلَ وَسَلَّطَ عَلَيْهَا رَسُولُهُ وَالْمُؤْمِنِينَ وَإِنَّهَا لَنْ تَجِلَّ لأَحَد كَانَ قَبْلِي وَإِنَّهَا وَمُنْ عُلِل وَاللَّهُ مَنْ الله عليه وسلم وَيَّتُهَا لَنْ تَحِلَّ لأَحَد كَانَ قَبْلِي وَإِنَّهَا وَسُكَلَّ مَنْ نَهَارٍ وَإِنَّهَا لَنْ تَحِلَّ لأَحَد يَعْدِي فَلاَ يُنَقَّرُ صَيْدُهًا وَلاَ يُخْتَلَى شَوْكُهَا وَلاَ تَجِلُّ سَاعَةً مِنْ نَهَارٍ وَإِنَّهَا لَنْ تَحِلَّ لأَحَد بَعْدِي فَلاَ يُنَقَّرُ صَيْدُهًا وَلاَ يُخْتَلَى شَوْكُهَا وَلاَ تَجِلُّ سَاعَةً مِنْ نَهَارٍ وَإِنَّهَا لَنْ تَحِلُّ لاَ يُعْدِي فَلاَ يُنَقَّرُ صَيْدُهًا وَلاَ يُخْتَلَى شَوْكُهَا وَلاَ تَجِلُ سَاعَةً مِنْ نَهَارٍ وَإِنَّهَا لَنْ تُحِلَّ لَا يَعْدِي النَّظَرَيْنِ إِمَّا أَنْ يُغْدَى وَإِمَّا أَنْ يُقْتَلَ " . فَقَالَ الْعَبَاسُ إِلاَّ لِمُنْ الله عليه وسلم " إِلاَّ الإِذْخِرَ " . فَقَامَ أَبُو شَاهٍ رَجُلٌ مِنْ أَهُلِ الْيَمَنِ رَسُولُ اللّهِ عليه وسلم " إلاَّ الإِذْخِرَ " . فَقَامَ أَبُو شَاهٍ رَجُلٌ مِنْ أَهُلِ الْيَمَنِ وَلَا اللّهِ عليه وسلم " الْأَوْرُاعِي مَا قَوْلُهُ الْأَنْوِلُ لِي يَا رَسُولَ اللّهِ عَليه وسلم " اكْتُبُوا لاَيْهِ قَالَ هَذِهِ الْخُطُبَةَ الَّتِي شَاهٍ وَلَا الْوَلِيدُ فَقُلْتُ لِلْأُورُاعِي مَا قَوْلُهُ اكْتُبُوا لِي يَا رَسُولَ اللّهِ قَالَ هَذِهِ الْخُطُبَةَ الّتِي شَاهٍ سَمِعَهَا مِنْ رَسُولَ اللّهِ عَلَى هَرْهِ الْخُطُبَةَ التَّتِي مَا وَلُولُ اللّهِ عَلَى اللّه عليه وسلم " اكْتُبُوا للهَ عليه وسلم " اكْتُبُوا اللّه عليه وسلم قَالَ هَذِهِ الْخُطُبَةَ اللّهِ سَعْمَا مَنْ رَسُولَ اللّهِ عَلْهَ وَلُولُ اللّهُ عَلْمَ وَلَا لَو اللّهُ عَلَى اللّهُ عَلْمُ اللّهُ عَلْهُ اللّهُ عَلْمُ اللّهُ عَلْمَ اللّهُ عَلْمُ ا

বাংলা

৩১৯৬-(৪৪৭/১৩৫৫) যুহায়র ইবনু হারব ও উবায়দুল্লাহ্ ইবনু সাঈদ (রহঃ) আবূ হুরায়রাহ্ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহ তা'আলা যখন তার রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে মক্কাহ (মক্কা) বিজয় দান করলেন- তখন তিনি লোকদের উদ্দেশে দাঁড়িয়ে ভাষণ দিলেন। তিনি প্রথমে আল্লাহর প্রশংসা ও মহিমা বর্ণনা করলেন। অতঃপর বললেন, নিশ্চিত আল্লাহ তা'আলা হস্তী বাহিনীর মক্কায় (মক্কায়) প্রবেশে বাধা প্রদান করেছেন এবং তার রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও মুমিনদেরকে মক্কাহ (মক্কাহ) অভিযানে বিজয়ী করেছেন। আমার



পূর্বে কারও জন্য এখানে রক্তপাত বৈধ ছিল না। আর আমার জন্যও একদিনের কিছু সময় এখানে যুদ্ধ করা হালাল করা হয়েছিল। আমার পরে আর কারও জন্য তা কখনও হালাল করা হবে না। অতএব এখানকার শিকারের পশ্চাদ্ধাবণ করা যাবে না, এখানকার কাটাদার গাছও উপড়ানো যাবে না এবং এখানকার পতিত জিনিস তোলা যাবে না। তবে ঘোষণা প্রদানকারী (তা তুলে নিতে পারবে)।

কারও কোন আত্মীয় নিহত হলে তার জন্য দুটি অবস্থার যে কোন একটি গ্রহণের অধিকার রয়েছেঃ হয় ফিদয়া (রক্তপণ) গ্রহণ করতে হবে নতুবা হত্যাকারীকে কিসাস স্বরূপ হত্যা করতে হবে। আব্বাস (রাযিঃ) বললেন, হে আল্লাহর রসূল! কিন্তু ইযখির ঘাস যা আমরা কবরে দিয়ে থাকি এবং আমাদের ঘরের চালায় ব্যবহার করি। রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ কিন্তু ইযখির ঘাস (এর কাটার অনুমতি দেয়া হল)। ইয়ামানের অধিবাসী আবৃ শাহ (রাযিঃ) দাঁড়িয়ে বললেন, হে আল্লাহর রসূল! আমাকে (এ কথাগুলো) লিখে দেয়ার ব্যবস্থা করুন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা আবৃ শাহকে লিখে দাও।

ওয়ালীদ (রহঃ) বলেন, আমি আওযাঈ (রহঃ)-কে জিজ্ঞেস করলামঃ "হে আল্লাহর রসূল! আমাকে লিখে দেয়ার ব্যবস্থা করুন"-তাঁর এ কথার অর্থ কী? তিনি বললেন, যে ভাষণ তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে দিতে শুনলেন তা। (ইসলামিক ফাউন্ডেশন ৩১৭১, ইসলামীক সেন্টার ৩১৬৮)

English

Abu Huraira, (Allah be pleased with him) reported. When Allah, the Exalted and Majestic, granted Allah's Messenger (ﷺ) victory over Mecca, he stood before people and praised and extolled Allah and then said: Verily Allah held back the elephants from Mecca and gave the domination of it to His Messenger and believers, and it (this territory) was not violable to anyone before me and it was made violable to me for an hour of a day, and it shall not be violable to anyone after me. So neither molest the game, nor weed out thorns from it. And it is not lawful for anyone to pick up a thing dropped but one who makes public announcement of it. And it a relative of anyone is killed he is entitled to opt for one of two things. Either he should be paid blood-money or he can take life as (a just retribution). 'Abbas (Allah be pleased with him) said: Allah's Messenger, but Idhkhir (a kind of herbage), for we use it for our graves and for our houses, whereupon Allah's Messenger (ﷺ) said: With the exception of Idhkhir. A person known as Abu Shah, one of the people of Yemen, stood up and said: Messenger of Allah, (kindly) write it for me. Thereupon Allah's Messenger (ﷺ) said I Write it for Abu Shah. Walid said: I asked al-Auzai': What did his saying mean: "Write it for me, Messenger of Allah"? He said: This very address that he had heard from Allah's Messenger (ﷺ).



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন